দৈনিক বাংলা ৩৫

তারিখ ঃ 1 SEP 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

# নতুন ভর্তি পদ্ধতি বাতিল করুন ঃ ছাত্র ইউনিয়ন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা মন্ত্রণালয় ঘোষিত নতুন ভর্তি পদ্ধতির সমালোচনা করে বলেছেন, শুধুমাত্র নম্বর পত্রের মাধ্যমে কলেজগুলোতে ভর্তি প্রক্রিয়া চালু হলে বিশেষ এক শ্রেণীর ছাত্র-ছাত্রী-এর সুফল ভোগ করবে। তারা বলেন, আর বিশ্ববিদ্যালয়গুলি এই পদ্ধতিতে ভর্তি শুরু করলে স্বায়ত্তশাসন লংঘিত হবে। নেতৃবৃন্দ নতুন ভর্তি পদ্ধতি বাতিলের দাবী করেন।

বুধবার মধুর ক্যান্টিনে অনুষ্ঠিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক হাসান হাফিজুর রহমান সোহেল। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সভাপতি সাজ্জাদ জহীর চন্দন ও অন্যান্য নেতা।